# ২০ টাকা মূল্যমান ব্যাংক নোটের ডিজাইন ও নিরাপত্তা বৈশিষ্ট্য




*নোটের সম্মুখভাগ*




*নোটের পেছনভাগ*

১. গভর্নর ড. আহসান এইচ মনসুর স্বাক্ষরিত এ নোটের আকার নির্ধারিত হয়েছে ১২৭ মি.মি. × ৬০ মি.মি.। নোটটিতে মোট ৫ ধরণের নিরাপত্তা বৈশিষ্ট্য সংযোজন করা হয়েছে।

২. নোটটি ১০০% কটন কাগজে মুদ্রিত।

৩. নোটে জলছাপ হিসেবে রয়েল বেঙ্গল টাইগার এর মুখ; এর নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 20 ও বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম মুদ্রিত রয়েছে।

৪. নোটটিতে সবুজ রঙের আধিক্য রয়েছে।

৫. নোটটির সম্মুখভাগের বামপাশে ঐতিহাসিক স্থাপনা কান্তজিউ মন্দির, দিনাজপুর এর ছবি এবং ডানপাশে জলছাপ মুদ্রিত রয়েছে। নোটের মাঝখানে ‘প্রতিশ্রুত বাক্য’ (Guarantee clause)ও মূল্যমান (বিশ টাকা) এবং ব্যাকগ্রাউন্ডে পাতা ও কলিসহ প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা’র ছবি মুদ্রিত রয়েছে।

৬. নোটের পেছনভাগে জলছাপ এলাকার ডানপাশে পাহাড়পুর বৌদ্ধবিহার, নওগাঁ এর ছবি মুদ্রিত রয়েছে।

৭. নোটটির সম্মুখভাগে বামপাশে ২ মি.মি. চওড়া নিরাপত্তা সুতা সংযোজন করা হয়েছে যাতে ‘৳২০ বিশ টাকা’ খচিত রয়েছে। নোটটি নাড়াচাড়া (Tilt) করলে নিরাপত্তা সুতার রং লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয়।

৮. নোটের সম্মুখভাগের ডানদিকে এবং পেছনভাগের বামদিকের গ্লিউইশ প্যাটার্নের ভিতরের অংশে Microprint হিসেবে উলম্বভাবে ‘BANGLADESH BANK’ মুদ্রিত রয়েছে যা শুধু Magnifying Glass দ্বারা দেখা যাবে ।

৯. নোটটিতে গভর্নর স্বাক্ষরের ডানপাশে See-Through image হিসেবে একটি প্যাটার্ন মুদ্রিত রয়েছে যা আলোর বিপরীতে ধরলে ‘২০’ লেখা দৃশ্যমান হবে।